# ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির প্রস্তুতি : ঘ ইউনিট : ইংরেজি

*গতকালের পর*

*Some Exception cases :*

a) অনেক সময় অচেতন পদার্থকে সচেতনরূপে কল্পনা করা হলে তাদের Masculine বা feminine gender হতে পারে। এরূপ ক্ষেত্রে Sun, Death, Thunder কে masculine এবং Earth, Hope, Moon, Spring, Solitude, Virtue প্রভৃতি Word কে feminine gender ধরা হয়।

Example : Death comes to everyone with his fatal hands.

The moon gives us her soft light

b) দেশের নাম, বিমান, ট্রেন, জাহাজ ইত্যাদির নামকে Feminine হিসেবে ধরা হয়।

Example : The green arrow runs at her full speed.

c) শিশু, ইতরপ্রাণী, বস্তুর নামের ক্ষেত্রে Neuter gender হয়।

Example : The Child cries for its (his বা her নয়) mother.

Errors related to preposition

1. Find out correct sentence (D.U. 92-94)

A) I am amazed at his bad conduct
B) I am amazed by his bad conduct
C) I am amazed for his bad conduct
D) I am amazed with his bad conduct

2. Find out correct sentence (D.U. 91-92)

A) Copy this word by word
B) Copy this word to word
C) Copy this word for word
D) Copy this word in word

3. Which one is correct ? (96-97)

A) I congratulate him on his bright results
B) I congratulate him for his bright results
C) I congratulate him at his bright results
D) I congratulate him because of his bright results.

**More About Prepositions**

বাংলা বিভক্তির সঙ্গে Preposition-এর সম্পর্ক না শিখলে Preposition সম্বন্ধে পরিষ্কার ধারণা হয় না। বাংলা বিভক্তি ও ইংরেজি Preposition-এর তালিকা দেওয়া হলো। সামান্য কিছু ব্যতিক্রম ঘটলেও এটাই Preposition ব্যবহারের সাধারণ নিয়ম।

| বিভক্তি | Preposition | Example |
|---|---|---|
| কর্তায় ১মা | - | Ramkamal is a boy (No preposition) |
| কর্মে ২য়া কে রে, প্রতি | to | The boy goes to school. (স্কুলের প্রতি বা দিকে) The book was given to ram. (রামকে) |
| করণে ৩য়া দ্বারা, দিয়া, কর্তৃক | by (a doer with fan instrument) | The snake was killed by ram. (রামের দ্বারা) The cake was eaten by the dog. She wrote the letter with a pen (কলমের দ্বারা) |
| নিমিত্তে ৪র্থী জন্য | for | I waited for him (তাহার জন্য) |
| আপাদানে ৫মী হইতে, থেকে, চেয়ে | from, then | The apple fell from the tree. (গাছ থেকে) He will not take less than ten rupees. (দশ টাকার চেয়ে কম) |
| সম্বন্ধে ৬ষ্ঠী র, এর | of | This is the book of ram. (রামের বই) |
| অধিকরণে ৭মী -এ, য়,তে | in, at | He lives in Calcutta. (কলকাতায়) I live at Gobindapur. (গোবিন্দপুরে) There is a lot of fish in the river (নদীতে) |

■ ইসরাত আহান পল্লবী

তারিখ ... APR 12 2000 ...
পৃষ্ঠা ... কলাম ...
18